

বিশ্বের প্রথম সারির ডেটাবেজ ল্যানুয়েজ ওরাকল শিখুন

(পূর্ব প্রকাশিতের পর : পর্ব-৬)

বন্ধুরা আজকের বিষয় হচ্ছে RollBack Segment।



অর্থাৎ আপনার Oracle database-এ প্রথমে তৈরি থাকলে যেকোনো সময় Roll Back Segment আপনার কাজে আসতে পারে। ধরা যাক, আপনি কোনো কিছু Delete করে ফেলেছেন। Dataটি ফেরত পাওয়া মরকার তখনই এই RollBack Segment আপনার কাজে আসবে। Oracle Database কীভাবে RollBack Segment Configuration করতে হয় সেটি আমরা জেনে নেই -

প্রথমে RollBack Segment-এর জন্য Data file তৈরি করতে হবে।

১ম Command হচ্ছে-
SQL>create tablespace rbs1

ORACLE

datafile 'C:\data\rbs\table\rbs01.dbf' Size 5m
২য় Commandটি হচ্ছে- Segment তৈরি করার জন্য যেমন SQL>create rollback Segment rbs7 tablespace rbs; এখন মূল কাজ হচ্ছে rollback Segmentকে Online mode-এ তৈরি করা তা নাহলে Rollback Command-এর কোনো কার্যকারিতা থাকবে না। এটি ইচ্ছামতো Online এবং offline করা যায় যেহেতু আমরা এখন Oracle database-এ নতুন Rollback Configure করা হচ্ছে সেহেতু মন দিয়ে প্রতিটি Step লক্ষ্য করুন। প্রয়োজনে এর Note রাখবেন।

যেমন উপরের অংশে datafile হচ্ছে rbs01.dbf

এবং Rollback Segment হচ্ছে rbs7

এবং tablespace হচ্ছে rbs1

৩য় Command হচ্ছে- SQL> alter rollback Segment rbs7 online;

এরপর সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজ হচ্ছে Oracle database-এর Parameter ফাইলটিকে Rollback Segment-এর উপযোগী করে Oracle Serverকে পুনরায় চালু করা।

এখন বন্ধুরা গত পাঁচটি সংখ্যায় আপনারা জানেন Oracle Server-এর কতটি গুরুত্বপূর্ণ ফাইল হচ্ছে

এই Parameter ফাইল init.ora ফাইলটি।

আপনার notepad-এর সাহায্যে প্যারামিটার File init.ora, open করে দেখুন যে Lineটি নিয়ে যেভাবে আছে তা এখানে সেভাবে পরিবর্তন করে দেখালে হয়েছে সেভাবে পরিবর্তন করে init.ora File Save করবেন এবং একটি init.ora File-এর Backup File রাখতে ভুলবেন না।

মূল লাইনটি হচ্ছে

```
# rollback_Segments = (RBS0, RBS1, RBS2, RBS3, RBS4, RBS5, RBS6)
```

এই চিহ্নটি মুছে ফেলে লিখতে হবে।

```
rollback_Segments = (RBS0, RBS1, RBS2, RBS3, RBS4, RBS5, RBS6, RBS7)
```

অর্থাৎ এই Lineটি RBS7টি যোগ হয়েছে। আপনারা সকলেই জানেন RBS7 হচ্ছে rollback rbs7 Segment যা আমরা ধাপে ধাপে create করেছিলাম।

বন্ধুরা আমরা জানলাম কীভাবে Rollback Segment Configure করতে হয়। আপনারা পূর্বের Lesson-এর সাহায্য নিয়ে Oracle database Serverটি পুনরায় up করে এবং RollBack Segmentটি Online করে নিয়মিত কাজ শুরু করুন।

সর্বোপরি www.catvalley.4mg.com দেখতে ভুলবেন না।

(চলবে)